আল-লাজনাতুশ শারইয়্যাহ লিদ-দাওয়াতি ওয়ান-নুসরাহ
اللجنة الشرعية للدعوة والنصرة
উচ্চতর ইসলামী আইন গবেষণা বিভাগ
fatwaa.org

ফাতওয়া নাম্বার: ৫১৫ প্রকাশকাল: ২৪-১২-২০২৪ ইং

সিগারেট কোম্পানিতে চাকরি করার বিধান

প্রশ্নঃ

সিগারেট কোম্পানিতে বিক্রয় প্রতিনিধি পদে চাকরি করার হুকুম কী? এবং এ চাকরির মাধ্যমে উপার্জিত অর্থ কি হালাল, না হারাম?

-মুহাম্মাদ আমজাদ হোসাইন

উত্তরঃ

بسم الله الرحمن الرحيم

حامدا ومصليا ومسلما

সিগারেট খাওয়া নাজায়েয। কারণ তা শরীরের জন্য মারাত্মক ক্ষতিকর। পাশাপাশি এতে অর্থের অপচয়ও রয়েছে। -আদদুররুল মুখতার: ৬/৪৬১, ফাতাওয়া লাজনাতুদ দায়েমা: ২২/১৮৭

নাজায়েয বস্তু নিজে খাওয়া যেমন নাজায়েয, অন্যকে তা খাওয়ার ক্ষেত্রে সহযোগিতা করাও না জায়েয। আল্লাহ তাআলা বলেন,

وَلَا تَعَاوَنُوا عَلَى الْإِثْمِ وَالْعُدْوَانِ. –المائدة: ٢

“তোমরা গুনাহ ও জুলুমের কাজে একে অন্যের সহযোগিতা করবে না।” -সূরা মায়িদা ০৫: ০২

তাই সিগারেট কোম্পনির বিক্রয় প্রতিনিধি পদে চাকরি করা জায়েয নয়। আর এ নাজায়েয কাজের পারিশ্রমিকও হালাল নয়। ইমাম সারাখসী রহিমাহুল্লাহ বলেন,

“উপার্জনের মাধ্যম যদি হারাম হয়, তাহলে উপার্জিত সম্পদও হারাম হবে। কারণ (মূলনীতি হলো) যে সম্পদ হাসিল করতে হারামে জড়াতে হয়, সে সম্পদও হারাম হয়।” –মাবসুতে সারাখসী: ৩০/২৭৫

আরও দেখুন: মাবসুতে সারাখসী: ১৬/৪৩, আল-মুহিতুল বুরহানী: ৭/৪৮১, রদ্দুল মুহতার: ৬/৩৯২

فقط والله تعالى أعلم بالصواب.

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

২৪-০৫-১৪৪৬ হি.

২৭-১১-২০২৪ ঈ.